গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং- ১৩৪ -আইন/৯৭/১৫১-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ৬ এর উপ-ধারা(৪) এর সংগে পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।- (১) এই বিধিমালা বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক (নিবন্ধন ও শুল্কায়ন) বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) " **অনুষ্ঠান** " অর্থ বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান ;

(খ) " **আইন** " অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ;

(গ) " **আয়োজক** " অর্থ বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান ;

(ঘ) " **কর** " অর্থ আইনের ধারা ৩ এ উল্লিখিত মূল্য সংযোজন কর ;

(ঙ) " **নিবন্ধন** " অর্থ আইনের ধারা ১৫ এর অধীন মূল্য সংযোজন কর (মূসক) প্রদানের জন্য নিবন্ধন ;

(চ) " **প্রবেশপত্র** " অর্থ অনুষ্ঠানস্থলে প্রবেশের জন্য আয়োজক কর্তৃক ইস্যুকৃত বিধি ৬ এ বর্ণিত প্রবেশপত্র;

(ছ) " **প্রবেশ মূল্য** " অর্থ প্রবেশপত্রের উপর লিখিত মূল্য যাহার মধ্যে মূল্য সংযোজন কর অন্তর্ভুক্ত থাকিবে;

(জ) " **বিভাগীয় কর্মকর্তা** " অর্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর বিভাগের দায়িত্বে নিয়োজিত সহকারী কমিশনার বা উপ-কমিশনার;

৩। **কর আদায় পদ্ধতি**।- আইন বা আইনের অধীন প্রণীত অন্য কোন বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক এর নিকট হইতে এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে কর আদায় করা হইবে।

৪। **নিবন্ধন**।- (১) বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান মূসক নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার দপ্তরে এই বিধিমালার সহিত সংযোজিত সংযোজনী 'ক' এ বর্ণিত ঘোষণা সহ ফরম " মূসক-৬ " এ আবেদন করিবেন। উক্ত আবেদনপত্রের সহিত তিনি অনুষ্ঠানের প্রবেশপত্র বিক্রয়ের কেন্দ্র সমূহের ঠিকানা ও অন্যান্য সূত্র উল্লেখ করিবেন।

(২) প্রাপ্ত আবেদনপত্র ও সংশ্লিষ্ট তথ্য সর্বোতভাবে যথাযথ বলিয়া বিভাগীয় কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীর অনুকূলে একটি নিবন্ধন পত্র ইস্যু করিবেন।

(৩) অনুষ্ঠান আয়োজনের জন্য সংশ্লিষ্ট সরকারী বিভাগ বা দপ্তরের অনুমতি গ্রহণার্থে আবেদনপত্রের সহিত আয়োজককে নিবন্ধনপত্রের একটি প্রতিলিপি অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিতে হইবে।

(৪) আয়োজক তৎকর্তৃক প্রদত্ত ঘোষণা বিভাগীয় কর্মকর্তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হওয়া সাপেক্ষে উহার ভিত্তিতে আদায়যোগ্য মূল্য সংযোজন করের দ্বিগুণ পরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি প্রদান করিবেন, যাহা অনুষ্ঠান আরম্ভের তারিখ হইতে শুরু করিয়া অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পরবর্তী অন্যূন এক মাসের জন্য বলবৎ থাকিবে।

৫। কর প্রদান।- (১) আয়োজক অনুষ্ঠান সমাপ্তির পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে প্রকৃত বিক্রয়ের উপর প্রদেয় কর ট্রেজারী চালানের মাধ্যমে " ১৪-ক-মূল্য সংযোজন কর " খাতে সরকারী ট্রেজারীতে জমা প্রদান পূর্বক মূল ট্রেজারী চালান ও এই বিধির মালার সহিত সংযোজিত সংযোজনী-"ক" এ একটি বিবরণীসহ ফরম "মূসক-১৯" এ একটি দাখিলপত্র বিভাগীয় কর্মকর্তার নিকট পেশ করিবেন। উক্ত দাখিলপত্রে বর্ণিত তথ্য এবং বিধি ৭ অনুসারে দায়িত্বপ্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত প্রতিবেদনের তথ্য সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হওয়ার সাত কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি আয়োজকের অনুকূলে অবমুক্ত করিবেন এবং দাখিলপত্রটি প্রয়োজনীয় পরীক্ষা শেষে কমিশনারের দপ্তরে প্রেরণ পূর্বক অনুলিপি সার্কেল অফিসে প্রেরণ করিবেন।

(২) অনিবার্য কারণে অনুষ্ঠান আয়োজন সম্ভব না হইলে উহার স্বপক্ষে যথাযথ প্রমাণপত্র সহ বিক্রয়কৃত প্রবেশ পত্রের অর্থ ক্রেতাদের নিকট ফেরত প্রদানের বিজ্ঞপ্তি জাতীয় দৈনিকে প্রকাশ সংক্রান্ত পেপার কাটিং বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে। প্রাপ্ত প্রমাণাদি যথাযথ বিবেচিত হওয়ার সাত কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির আদেশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে প্রদেয় মূসক পরিশোধের স্বপক্ষে মূল ট্রেজারী চালান পাওয়া না গেলে কিংবা উহা সঠিক প্রমাণিত না হইলে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি নগদায়নের জন্য সংশ্লিষ্ট ব্যাংক-কে আদেশ প্রদানসহ আইনানুগ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(৪) আয়োজক কর্তৃক প্রদত্ত ব্যাংক গ্যারান্টিতে উল্লিখিত অর্থের তুলনায় আদায়যোগ্য মূসক এর পরিমাণ অধিক বলিয়া প্রমাণিত হইলে এবং আয়োজক উহা প্রদান না করিলে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা দাবীনামা জারি পূর্বক আইনের বিধান অনুযায়ী সরকারের প্রাপ্য রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

৬। **প্রবেশ পত্র**।- অনুষ্ঠানস্থলে প্রবেশের জন্য প্রত্যেক দর্শককে পারফোরেশন দ্বারা দুইটি অংশে বিভক্ত একটি প্রবেশ পত্র ইস্যু করিতে হইবে যাহার প্রতিটি অংশে বহি নম্বর, ক্রমিক নম্বর, শ্রেনী বা ক্যাটাগরী, শো'র তারিখ ও সময় এবং কর সহ প্রবেশ মূল্য সুস্পষ্ট ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিতে হইবে। প্রবেশ পত্রের দ্বিতীয় অংশ দর্শক বা ক্রেতাকে প্রদান করিতে হইবে এবং প্রথম অংশ আয়োজককে রেকর্ড হিসাবে সংরক্ষণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সৌজন্যমূলক প্রবেশপত্র বা পাসের মাধ্যমে কোন দর্শককে অনুষ্ঠানস্থলে প্রবেশের সুযোগ প্রদান করা হইলে সেই ক্ষেত্রে এই বিষয়ে পূর্বাহ্নেই বিভাগীয় কর্মকর্তা বরাবর একটি ঘোষণা প্রদান করিতে হইবে এবং এইরূপ পাসের সংখ্যা কোনভাবেই বিক্রয়কৃত মোট প্রবেশ পত্রের শতকরা পাঁচ ভাগের বেশী হইবে না।

৭। **মূল্য সংযোজন কর কর্মকর্তার করনীয়**।- আয়োজক কর্তৃক প্রদত্ত ঘোষণা ও তথ্যাদি সম্পর্কে নিশ্চিত হওয়ার প্রয়োজনে এবং সরকারের প্রাপ্য রাজস্ব আদায়ের স্বার্থে বিভাগীয় কর্মকর্তা যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে প্রবেশপত্র বিক্রয়ের কেন্দ্র সমূহের ঠিকানা, সূত্র ও অনুষ্ঠান অংগন সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অনুসন্ধান পরিচালনার নির্দেশ দিতে পারিবেন। প্রত্যেক দিনের অনুষ্ঠান সমাপ্তির পরবর্তী কার্যদিবসে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রবেশপত্র বিক্রয়ের তথ্যসহ উপরে উল্লিখিত বিষয়ে একটি প্রতিবেদন বিভাগীয় কর্মকর্তার বরাবরে দাখিল করিবেন।

৮। **দন্ড**।- এই বিধিমালার কোন বিধান লংঘন করা হইলে লংঘনকারী আয়োজক বা সংশ্লিষ্ট অন্য কোন ব্যক্তি অনধিক পঁচিশ হাজার টাকা অথবা অনুষ্ঠানস্থলে প্রদত্ত সেবার উপর প্রদেয় করের দ্বিগুণ পরিমাণ, যাহাই অধিক হইবে, সেই পরিমাণ অর্থদন্ডে দন্ডনীয় হইবেন।

সংযোজনী-"ক"

## বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পর্কিত ঘোষণা

[ বিধি ৪ ও ৫ দ্রষ্টব্য ]

বরাবর
বিভাগীয় কর্মকর্তা
শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর
..........................................
..........................................

১। সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকের নামঃ
২। ঠিকানাঃ
৩। টেলিফোনঃ ফ্যাক্সঃ
৪। নিবন্ধন নম্বরঃ (মূসক অফিস পূরণ করিবে) ..........................
৫। টি আই এন (যদি থাকে)ঃ ...........................
৬। [১]বিক্রয়তব্য/[২]বিক্রয়কৃত প্রবেশ পত্রের মূল্য ও [১]সম্ভাব্য/[২]প্রকৃত সংখ্যাঃ

| ক্রমিক নং | অনুষ্ঠানের তারিখ ও সময় | শ্রেণী/ ক্যাটাগরী | একক মূল্য | মোট সংখ্যা | মোট মূল্য | [১]প্রযোজ্য/ [২]প্রদত্ত মূসক [মোট মূল্য $X\frac{৩}{২৩}$ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

৭। মোট অনুষ্ঠানের সংখ্যা ([১]সম্ভাব্য/[২]প্রকৃত)ঃ
৮। যে সব স্থানে প্রবেশ পত্র বিক্রয় করা হইবে
সেই সব স্থানের নাম ও ঠিকানাঃ
৯। অনুষ্ঠানস্থলের ঠিকানাঃ
১০। অনুষ্ঠান শুরু হওয়ার তারিখ ও সময়ঃ
১১। অনুষ্ঠান শেষ হওয়ার তারিখ ও সময়ঃ

**আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরোক্ত তথ্য ও ঘোষণা সত্য ও নির্ভুল।**

তারিখঃ আবেদনকারীর নাম ও স্বাক্ষর

১। অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পর ঘোষণা প্রদানের সময় কাটিয়া দিতে হইবে [ বিধি ৫]।
২। অনুষ্ঠান শুরু করার আগে ঘোষণা প্রদানের সময় কাটিয়া দিতে হইবে [ বিধি ৪ ]।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ আহমেদ মুনিরুছ সালেহীন ]
দ্বিতীয় সচিব
মূসক বাস্তবায়ন ঃ সেবা